**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-04-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Assembly Election .

আজ পশ্চিমবঙ্গ বিধানসভার প্রথম পর্যায় এবং তামিলনাড়ু বিধানসভার ২৩৪ আসনের সব কয়টিতে ভোট নেওয়া হচ্ছে। দুই পর্যায়ে পশ্চিমবঙ্গ বিধানসভা ভোটের প্রথম পর্যায়ে আজ ১৬টি জেলার ১৫২টি আসনে ভোট নেওয়া হচ্ছে । পশ্চিমবঙ্গের সমগ্র উত্তরবঙ্গ এবং গোটা জঙ্গলমহলের পাশাপাশি ভোট হবে মুর্শিদাবাদ, বীরভূম, পশ্চিম বর্ধমান এবং পূর্ব মেদিনীপুর জেলায়। ভোট গ্রহণে অভুতপূর্ব নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। ২৯৪ আসনের পশ্চিমবঙ্গ বিধানসভার বাকি ১৪২ আসনে দ্বিতীয় পর্যায়ে আগামী ২৯শে এপ্রিল ভোট নেওয়া হবে। পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, পুদুচেরি, কেরালম, আসামসহ পাঁচ রাজ্যের নির্বাচনে আগামী ৪ঠা মে ভোট গননা করা হবে। একই দিনে ত্রিপুরা বিধানসভার ধর্মনগর আসনের উপনির্বাচনেও ভোট গননা করা হবে ৪ঠা মে।

************************

## World Book Day :

আজ বিশ্ব পুস্তক দিবস | ইংরেজি সাহিত্যের মহা কবি শেক্সপিয়ারের জন্মদিন| অন্য বছরের মতই এই দিনে বিভিন্ন কর্মসূচি আয়োজিত হতে যাচ্ছে৷ ত্রিপুরা তথা উত্তরপূর্বের অগ্রণী প্রকাশন সংস্থা "অক্ষর পাবলিকেশানস্" 'বিশ্ব পুস্তক দিবস' উদযাপনের অঙ্গ হিসেবে আগরতলা প্রেস ক্লাবে আগামী ২৬ এপ্রিল, রবিবার সন্ধ্যায় আলোচনা সভার আয়োজন করেছে৷ অনুষ্ঠানে বিশিষ্ট কবি তথা

অধ্যাপক, সাহিত্য একাডেমির পূর্বাঞ্চলীয় কেন্দ্রের ভূতপূর্ব আঞ্চলিক সচিব অংশুমান কর ছাড়াও অন্য বিশিষ্ট  আলোচকরা অংশগ্রহন করবেন বলে অক্ষরের পক্ষ থেকে জানানো হয়েছে।

*****************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত কখনও কোনো ধরনের সন্ত্রাসবাদের কাছে মাথা নত করবে না এবং সন্ত্রাসবাদীদের ষড়যন্ত্র কখনও সফল হবে না। জম্মু ও কাশ্মীরের পেহেলগামে সন্ত্রাসবাদী হামলার বর্ষপূর্তিতে তিনি গতকাল নিহতদের স্মরণ করে জানান, দেশ তাঁদের ত্যাগ ও স্মৃতিকে কখনও ভুলবে না। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী জানান, এই কঠিন সময়ে দেশবাসী শোক ও সংকল্পে ঐক্যবদ্ধ। তিনি আরও বলেন, সন্ত্রাসের বিরুদ্ধে দেশের লড়াই অব্যাহত থাকবে এবং শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

********************

**Kedarnath Temple :**

বৈদিক মন্ত্রোচ্চারণ ও প্রাচীন ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল ভোরে কেদারনাথ মন্দিরের দ্বার পুণ্যার্থীদের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়েছে। উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগ জেলার এই পবিত্র তীর্থক্ষেত্রে সকাল থেকেই দেশ-বিদেশের অসংখ্য ভক্তের ভিড় ছিলো | আজ সকালে বদ্রীনাথ মন্দিরের দরজাও পুণ্যার্থীদের জন্য উন্মুক্ত করা হয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে লেখা এক চিঠিতে জানিয়েছেন, কেদারনাথ ধাম ও চারধাম যাত্রা দেশের আস্থা, ঐক্য এবং সমৃদ্ধ ঐতিহ্যের এক দিব্য উদযাপন।

******************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্যের গ্রামীন অর্থনীতিকে উন্নত করার লক্ষ্যে স্ব-সহায়ক গোষ্ঠীগুলি সক্রিয়ভাবে কাজ করছে।গতকাল লোকভবনে স্ব-সহায়ক গোষ্ঠীর প্রতিনিধিদের নিয়ে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন| অনুষ্ঠানে তিনি ৫টি স্ব-সহায়ক গোষ্ঠীর প্রতিনিধিদের হাতে বাচ্চা হাঁস তুলে দেন। তিনি বলেন, স্ব-সহায়ক গোষ্ঠীর কাজকে আরো উৎসাহিত করার লক্ষ্যে পরীক্ষামূলকভাবে আধুনিক হ্যাচারীর মাধ্যমে উন্নত প্রজাতির বাচ্চা হাঁস উৎপাদন করার লক্ষ্য নেওয়া হয়েছে লোকভবনে। আগামী ৬ মাস এই হ্যাচারীর মাধ্যমে উৎপাদিত বাচ্চা হাঁস টি.আর.এল.এম মিশনের মাধ্যমে স্বসহায়ক গোষ্ঠীর কাছে পৌঁছে দেওয়া হবে।

*********************

**Assembly:**

রাজ্য বিধানসভার সচিব এ কে নাথ গতকাল এক বিজ্ঞপ্তিতে  জানিয়েছেন, বিধানসভার কার্যপ্রণালী এবং নিয়মাবলী বিধির ১৯ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী অধ্যক্ষ রামপদ জমাতিয়া আগামী ৩০  এপ্রিল সকাল ১১ টায় দ্বিতীয় পর্যায়ে বিধানসভার অধিবেশন পুনরায় আহবান করেছেন। ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার নবম অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতুবি করা হয়েছিল। উল্লেখ্য, এডিসি নির্বাচন ঘোষণা হওয়ার পর বিধানসভার অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি করা হয়েছিল।

********************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, এডিসি এলাকায় সাম্প্রতিক কিছু অনভিপ্রেত ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল সিপাহীজলা ও দক্ষিণ জেলায় সফরকালে মুখ্যমন্ত্রী ক্ষতিগ্রস্তদের

সঙ্গে কথা বলেন ও তাদের নিরাপত্তা এবং প্রশাসনিক সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। তিনি একইদিনে সাব্রুম মহকুমার মনুবনকুল, চালিতা বনকুল এলাকাও সফর করেন|

***********************

**TB Mukt Bharat :**

কেন্দ্রীয় সরকারের ধারাবাহিক প্রচেষ্টার অঙ্গ হিসেবে গত ২৪শে মার্চ থেকে গোটা দেশ জুড়ে শুরু হয়েছে 'টিবি মুক্ত ভারত অভিযানের" দ্বিতীয় পর্বের ১00 দিনের কর্মসূচি। তার সঙ্গে সঙ্গতি রেখে সিপাহীজলা জেলার বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রের অধীন চলছে স্ক্রিনিংয়ের মাধ্যমে যক্ষা রোগীদের চিহ্নিতকরনের প্রাথমিক প্রক্রিয়া। বাড়ি বাড়ি গিয়ে এই কাজ করছেন আশা, MPW কর্মীরা| প্রাথমিক পর্যায়ের এই সমীক্ষা শেষে যক্ষার সম্ভাবনা থাকা ব্যক্তিদের স্বাস্থ্য শিবিরের মাধ্যমে চূড়ান্ত পরীক্ষা নিরীক্ষা করা হবে। যদি টিবি চিহ্নিত হয় তাহলে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে বলে গতকাল সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসা আধিকারিক ডাক্তার পার্থ প্রতিম দাস জানিয়েছেন|

********************

**PMKSY :**

জলাধার উন্নয়ন প্রকল্পের অগ্রগতির জাতীয় স্তরের মধ্যবর্তী মূল্যায়ন শুরু হয়েছে।কেন্দ্রীয় গ্রামীণ উন্নয়ন মন্ত্রকের ব্যবস্থাপনায় গতকাল গোমতী জেলার কাঁকড়াবন ব্লকে প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চন যোজনা অন্তর্গত বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি মূল্যায়ন করেন হায়দরাবাদের ন্যাশনাল ইনস্টিটিউট অফ রুরাল ডেভেলপমেন্ট অ্যান্ড পঞ্চায়তি রাজের সহকারী অধ্যাপক ড.এ. সিমহাচালম| তিনি প্রকল্পগুলি পরিদর্শনকালে সবিধাভোগীদের সাথে কথা বলেন|

*****************************

## Weather :

আজ দুপুর পর্যন্ত আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে | বিক্ষিপ্তভাবে দু`এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টি বা বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬  ডিগ্রির কাছাকাছি থাকতে পারে। আগরতলা বিমানবন্দরে  আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

********************

********************